

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[আইসিটি অনুবিভাগ]

নথি নং- ০৮.০১.০০০০.০৯১.০৩.০০১.২১/৫৪৭


তারিখ: ২৫.০৬.২০২৩ খ্রি.

বিষয়: Business Intelligence (BI) রিপোর্ট অ্যাক্সেসকরণের লক্ষ্যে আইপি অ্যাড্রেস প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণের লক্ষ্যে কাস্টমস অটোমেশন কর্তৃক ডাটা ওয়্যারহাউস স্থাপন করা হয়েছে। এই ডাটা ওয়্যারহাউসের তথ্য বিভিন্ন পর্যায়ের ব্যবহারকারীগণ বিভিন্ন ধরনের রিপোর্ট তৈরি করার লক্ষ্যে ব্যবহার করে থাকেন। Business Intelligence (BI) টুলের মাধ্যমে খুব সহজেই ডাটা ওয়্যারহাউসের তথ্য ব্যবহারকারীগণের নিকট প্রয়োজনীয়তা অনুসারে উপস্থাপন করা যায়। বর্তমানে এই Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেস কাস্টমস অটোমেশন কর্তৃক স্থাপিত ল্যান ও সাধারণ ইন্টারনেট ব্যবহারকারীর নিকট উন্মুক্ত রয়েছে। Business Intelligence (BI) সার্ভারে সংরক্ষিত তথ্য অত্যন্ত সংবেদনশীল হওয়ায় তা অননুমোদিত তৃতীয় কোন পক্ষের হস্তগত হলে আমদানি-রপ্তানির গোপনীয় তথ্য অব্যাহত হওয়ার সাথে সাথে অপব্যবহারের মাধ্যমে রাজস্ব ঝুঁকির সম্ভাবনা রয়েছে। এই সমস্যা সমাধানের লক্ষ্যে সুনির্দিষ্ট দপ্তর অনুযায়ী Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেস প্রদানের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য যে, Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেস সীমাবদ্ধ করার পর শুধুমাত্র অননুমোদিত আইপি অ্যাড্রেস ব্যবহারের মাধ্যমে নির্দিষ্ট দপ্তরসমূহ হতেই Business Intelligence (BI) সার্ভার অ্যাক্সেস করা যাবে এবং অননুমোদিত আইপি অ্যাড্রেস বা ইন্টারনেট হতে উক্ত সার্ভারের অ্যাক্সেস করা সম্ভব হবে না।

০২। এমতাবস্থায়, আপনার দপ্তর ও আপনার আওতাধীন যেসকল দপ্তরে Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেসের প্রয়োজনীয়তা রয়েছে সে সকল দপ্তরের নাম ও পাবলিক আইপি অ্যাড্রেস আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। জাতীয় রাজস্বের স্বার্থে বিষয়টি জরুরী বিবেচ্য।



[মোঃ ফজলুর রহমান]

সিস্টেম ম্যানেজার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ই-মেইল: fzrahman@yahoo.com

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২-৭। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;

৮-১০। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম;

১১। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড;

১২-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/সিলেট/কুমিল্লা/যশোর/খুলনা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/বৃহৎ করদাতা ইউনিট (আপনার দপ্তরের আওতাধীন যেসকল দপ্তরে কাস্টমস অটোমেশন কর্তৃক স্থাপিত ল্যান নেই সে সকল দপ্তরের ইন্টারনেট ব্যবহারের নিমিত্ত Gateway আইপি অ্যাড্রেস প্রদানের অনুরোধসহ);

২৪। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা;

২৫। কমিশনার, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা;

২৬। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা;

২৭। কমিশনার, কাস্টমস রিক্স ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।

অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। মির্জা কামরুন নাহার মায়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (অনুমোদিত দপ্তরসমূহে অ্যাক্সেস প্রদানের অনুরোধসহ);

৩। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।